# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৬১২

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/১১২. যার স্বপ্নদোষ হয়েছে, কিন্তু সে ভিজা দেখতে পায় না।

بَاب مَنْ احْتَلَمَ وَلَمْ يَرَ بَلَلًا

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ خَالِدٍ، عَنِ الْعُمَرِيِّ، عَنْ عُبَيْدِ اللَّهِ، عَنِ الْقَاسِمِ، عَنْ عَائِشَةَ، عَنِ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " إِذَا اسْتَيْقَظَ أَحَدُكُمْ مِنْ نَوْمِهِ فَرَأَى بَلَلاً وَلَمْ يَرَ أَنَّهُ احْتَلَمَ اغْتَسَلَ وَإِذَا رَأَى أَنَّهُ قَدِ احْتَلَمَ وَلَمْ يَرَ بَلَلاً فَلاَ غُسْلَ عَلَيْهِ " .

বাংলা

১/৬১২। আয়িশাহ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যদি তোমাদের কেউ ঘুম থেকে জেগে উঠে ভিজা দেখতে পায় কিন্তু স্বপ্নদোষের কথা তার মনে না পড়ে তাহলে সে গোসল করবে। অপরদিকে তার স্বপ্নদোষের কথা স্মরণ হলে, কিন্তু ভিজা দেখতে না পেলে তার উপর গোসল ওয়াজিব নয়।

## English

It was narrated from 'Aishah that:
The Prophet said: "If anyone of wakes up and sees some wetness, but he does not think that he had an erotic dream, let him have a bath. But if he thinks that he had an erotic dream but he does not see any wetness, then he does not have to take a bath."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিযী ১১৩, আবূ দাঊদ ২৩৬, আহমাদ ২৫৬৬৩, দারিমী ৭৬৫।

তাহক্বীক্ব আলবানী: হাসান। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ২৩৪। উক্ত হাদিসের রাবী উমায়রিইয়্যী সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তিনি সালিহ তার মাঝে কোন সমস্যা নেই, তার থেকে হাদিস বর্ণনা করা যায়।

ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি সত্যবাদী কিন্তু হাদিস বর্ণনায় ইদতিরাব করেন। আলী ইবনুল মাদীনী তাকে দুর্বল বলেছেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=10830

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন